গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৯.০০৫.৯২. ১২০৪

তারিখ: ২১/০৩/১৪২৯ বঙ্গাব্দ।
০৫/০৭/২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: পবিত্র ঈদ-উল-আয্‌হা-২০২২ পালন উপলক্ষ্যে সাধারণ নির্দেশিকা।

প্রতি বছরের ন্যায় এ বছরও পবিত্র ঈদ-উল-আয্‌হা আগামী ১০ জুলাই ২০২২ খ্রি:, রবিবার, যথাযোগ্য মর্যাদা, উৎসাহ-উদ্দীপনা ও ধর্মীয় ভাব-গাম্ভীর্যের সাথে উদ্‌যাপন করা হবে। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমী, উপমহাপরিচালক রেঞ্জ, পরিচালক রেঞ্জ (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত), ব্যাটালিয়ন অধিনায়ক ও জেলা কমান্ড্যান্টগণ নিজ নিজ ইউনিটের ঈদ-উল-আয্‌হা উদ্‌যাপন উপলক্ষ্যে সকল কর্মসূচি প্রতিপালন নিশ্চিত করবেন। বিস্তারিত কর্মসূচি নিম্নরূপ:

২। **সরকারী ভবনসমূহে আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থাকরণ।** পবিত্র ঈদ-উল-আয্‌হা উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আওতাধীন একাডেমীসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন ও ভিটিসি কার্যালয়/গুরুত্বপূর্ণ ভবন/ফটকসমূহে জাঁকজমকপূর্ণভাবে আলোকসজ্জা ও সাজসজ্জার ব্যবস্থা করতে হবে।

৩। **পবিত্র ঈদ-উল-আয্‌হা এর অনুষ্ঠানসূচি।**

ক। **শুধু সদর দপ্তরের জন্য।**

ক্রঃ নং	বিষয়	সময়সূচি	স্থান	পোশাক	মন্তব্য
১.	**ঈদ-উল-আয্‌হা এর নামাজ:** ক। প্রথম জামাত খ। দ্বিতীয় জামাত	**ঈদের দিন** সকাল ০৭০০ ঘটিকা সকাল ০৮০০ ঘটিকা	জামে মসজিদ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও ঢাকা।	মার্জিত	মহাপরিচালক মহোদয়ের প্রথম জামাতে অংশগ্রহণ এবং উপস্থিত সকলের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময়।
২.	মহাপরিচালক মহোদয় এর ঈদ শুভেচ্ছা বিনিময়।	**ঈদের পরের দিন** ১৯৩০ ঘটিকা হতে ২১৩০ ঘটিকা	প্রয়াস হল রোড নং-১১ ঢাকা সেনানিবাস, ঢাকা।	মার্জিত	বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ঢাকায় অবস্থানরত, কর্মরত ও অবসরপ্রাপ্ত ১ম শ্রেনীর কর্মকর্তা (সপরিবার)।

খ। **উপপরিচালক (প্রশাসন-উইং) এর জন্য:** সদর দপ্তরের পরিষ্কার-পরিচ্ছন্নতা, সুষ্ঠুভাবে ঈদের জামাত অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মহাপরিচালক মহোদয় এর পরিদর্শনের সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করবেন।

৪। **বিশেষ মোনাজাত।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আওতাধীন একাডেমীসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়ের মসজিদসমূহে ঈদের নামাজের পর জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি, মহান মুক্তিযুদ্ধে শহিদদের আত্মার শান্তি এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উত্তরোত্তর অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাতের ব্যবস্থা করতে হবে। ইউনিটে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী এ মোনাজাতে অংশগ্রহণ করবেন (কর্তব্যরত কর্মকর্তা-কর্মচারী ব্যতীত)।

৫। **প্রীতিভোজ**। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আওতাধীন একাডেমীসহ মাঠ পর্যায়ে রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন (মোতায়েনকৃত বেইজ ক্যাম্পসহ), জেলা, জোন, ভিটিসি/টিটিসি কার্যালয়ে প্রচলিত নিয়মানুযায়ী উপস্থিত জনবলের জন্য প্রীতিভোজের আয়োজন করতে হবে। ইউনিটে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

ক। **সময়** : ১২৩০ ঘটিকা।
খ। **পোশাক** : মার্জিত।

৬। **আনসার ও ভিডিপি হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন।** আনসার ও ভিডিপি হাসপাতালে রোগীদের মাঝে উন্নতমানের খাবার পরিবেশন করতে হবে। তত্ত্বাবধায়ক, আনসার ও ভিডিপি হাসপাতাল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

৭। **কর্মস্থলে উপস্থিতি।** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১. ২৭.০২১.০৭.১৪০৯, তারিখ: ১২/০৮/২০১২ খ্রিঃ মূলে জারিকৃত স্থায়ী আদেশ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৮। কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন পূর্বক সকল অনুষ্ঠানসমূহ সম্পন্ন করতে হবে।

৯। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই সাধারণ নির্দেশিকা জারি করা হলো।

মুহাম্মদ মেহেদী হাসান, বিএএম, পিএএমএস
বিএভি-১২০০৮৫
পরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৪৯২৫
ই-মেইল: dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৯.০০৫.৯২. ৯২০৪

তারিখ: ২১/০৬/১৪২৯ বঙ্গাব্দ।
০৫/০৭/২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপি:

১।	মহাপরিচালক মহোদয়ের সচিবালয় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	সদয় অবগতির জন্য।
২।	অতিরিক্ত মহাপরিচালক বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	,,
৩।	কমান্ড্যান্ট বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমী, সফিপুর, গাজীপুর।	সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।
৪।	উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন্স/প্রশিক্ষণ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	,,
৫।	উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক রেঞ্জ (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ....রেঞ্জ।	আপনার আওতায় সকল ইউনিটের অবগতি ও কার্যক্রমের জন্য।
৬।	পরিচালক, ঢাকা মহানগর আনসার ।	অবগতি ও কার্যক্রমের জন্য।
৭।	পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল) ....আনসার ব্যাটালিয়ন..	"
৮।	পরিচালক আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা।	"
৯।	সাধারণ সম্পাদক, আনসার অফিসার্স হাউজিং সোসাইটি।	অবসর প্রাপ্ত কর্মকর্তাদের অবগতির জন্য।
১০।	তত্ত্বাবধায়ক আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর।	অবগতি ও কার্যক্রমের জন্য।
১১।	জেলা কমান্ড্যান্ট (সকল) জেলা কমান্ড্যান্টের কার্যালয়...।	"
১২।	উপপরিচালক (প্রশাসন-উইং) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	সদর দপ্তরের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।
১৩।	উপপরিচালক (সমন্বয়) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	মহাপরিচালক মহোদয়ের সাথে ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানের প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য।
১৪।	আইসিটি শাখা বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	বিষয়টি অত্র বাহিনীর ওয়েব সাইটে প্রচারের জন্য।
১৫।	শাখা (সকল).......আইসিটি....................................... বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	অবগতি ও কার্যক্রমের জন্য।
১৬।	কন্ট্রোল রুম বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।	সকল ইউনিটে প্রেরণ নিশ্চিত করবেন।
১৭।	অফিস ও মাস্টার কপি।	

পরিচালক (প্রশাসন)